প্রধানমন্ত্রী আছেন বলেই বাংলাদেশ আজ বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়িয়েছে:শফিক চৌধুরী

চেম্বার ডেস্ক: সিলেট জেলা আওয়ামী লীগের সভাপতি ও সিলেট-২ আসনের নৌকার মনোনীত প্রার্থী আলহাজ্ব শফিকুর রহমান চৌধুরী বলেছেন, সকল বিভেদ ভুলে ঐক্যবদ্ধ হয়ে নৌকার পক্ষে কাজ করতে হবে। সিলেট-২ আসনে দীর্ঘ ১০ বছর পর আবারও নৌকার প্রার্থী দেওয়া হয়েছে। তাই আমরা সবাই ঐক্যবদ্ধ হয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সিলেট-২ আসন উপহার দিবো।
তিনি মঙ্গলবার (৫ ডিসেম্বর) বিশ্বনাথ ও ওসমানীনগর উপজেলা আওয়ামী লীগের পৃথক বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।
তিনি আরও বলেন, বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দেশ যখন এগিয়ে চলেছে, তখন একটি কুচক্রিমহল বিভিন্ন ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। দেশের উন্নয়নের স্বার্থে আওয়ামী লীগ সরকারের আর পেছনে ফিরে তাকানোর সময় নেই। শেখ হাসিনার নেতৃত্বেই দেশ এগিয়ে যাবে। তিনি আছেন বলেই বাংলাদেশ আজ বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়িয়েছে।
প্রধান বক্তার বক্তব্যে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট নাসির উদ্দিন খান দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বঙ্গবন্ধু কন্যা দেশরত্ব শেখ হাসিনার নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ থেকে উন্নত সমৃদ্ধশালী স্মার্ট বাংলাদেশ রুপান্তরকল্পে এবং সিলেট-২ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী শফিকুর রহমান চৌধুরীর বিজয় সুনিশ্চিত করতে সুনির্দিষ্ট ও পরিকল্পনা অনুসারে প্ল্যান সাজাচ্ছে সিলেট জেলা আওয়ামী লীগ। এজন্য জোরালোভাবে কাজ করতে হবে বলে সভায় তৃণমূল পর্যায়ে নেতাকর্মীদের নির্দেশ দেন। একইসঙ্গে উপজেলার বিভিন্ন ইউনিয়নে সভা-সমাবেশেরও একটি পরিকল্পনা করে কমিটি গঠন করতে বলেন। বিশ্বনাথ উপজেলা আওয়ামী লীগের সভাপতি শাহ আসাদুজ্জামানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফারুক আহমেদের পরিচালনায় এবং ওসমানীনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আতাউর রহমানের সভাপতিত্বে

ও সাধারণ সম্পাদক আফজালুর রহমান চৌধুরী নাজলুর পরিচালনায় পৃথক বিশেষ বর্ধিত সভায় বিশেষ অতিথির বক্তব্যে রাখেন, সিলেট জেলা আওয়ামী লীগের সহ সভাপতি শাহ ফরিদ আহমদ, শাহ মোশাহিদ আলী, অধ্যক্ষ সুজাত আলী রফিক, ত্রাণ ও সমাজ কল্যাণ বিষয়ক সৈয়দ এপতার হোসেন পিয়ার, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. মোহাম্মদ সাকির আহমদ শাহিন, সদস্য ফিরোজ আলী।
অন্যদের মাঝে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন, ওসমানীনগর উপজেলা আওয়ামী সহ-সভাপতি ও জেলা আওয়ামী লীগের সদস্য আবদাল মিয়া, ওসমানীনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান শামীম আহমদ ভিপি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আনা মিয়া, উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি নেফা মিয়া, আলাওর রহমান, অমরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম কিবরিয়া, উপজেলা আওয়ামী লীগ যুগ্ম সম্পাদক ও তাজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অরুনোদয় পাল ঝলক, তফজ্জুল হোসেন, সাংগঠনিক সম্পাদক ফেরদৌস খান, গোয়ালাবাজার ইউনিয়ন চেয়ারম্যান পীর মজনু মিয়া, সাদিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেদ আহমদ মুসা, পশ্চিম পৈলনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. গোলাম রব্বানী চৌধুরী, উসমান পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওয়ালি উল্লাহ বদরুল, সিলেট জেলা পরিষদের সদস্য হামিদ মিয়া, বালাগঞ্জ ওসমানীনগর এডুকেশন ট্রাস্টের সাবেক সভাপতি আনহার মিয়া, উপজেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক নাজমুল ইসলাম মুন্না, কৃষি বিষয়ক সম্পাদক মনসুর আহমদসহ ৮টি ইউনিয়নের ও ৭২টি ওয়ার্ডের সভাপতি, সাধারণ সম্পাদক এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। এদিকে বিশ্বনাথ উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি সামছু মিয়া, হিরণ মিয়া, আসাদুজ্জামান, সেলিম আহমদ, জুবেদুর রহমান, দপ্তর সম্পাদক শাহিদুর ইসলাম, মকদ্দুস আলী, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক আহমদ, আইন সম্পাদক গিয়াস উদ্দিন, ত্রান বিষয়ক সম্পাদক আব্দুল মতিন, শিক্ষা বিষয়ক সম্পাদক সিরাজুল ইসলাম, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক শামীম আহমদ, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক রন চন্দ্র ধর, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক রনু কান্ত দে, সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক শাহ খাওয়াত হোসেন, সহ দপ্তর সম্পাদক নুরুল হক, সদস্য কাউন্সিলর ফজর আলী, প্যানেল মেয়র ও সদস্য রফিক হাসান সহ ৮টি ইউনিয়নের ও ১টি পৌরসভার প্রতিটি ওয়ার্ডের সভাপতি এবং সাধারণ সম্পাদক সহ সদস্যবৃন্দ, এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।